ভূমি মন্ত্রণালয়

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) এর দপ্তর**
**ভূমি মন্ত্রণালয়**
**বাংলাদেশ সচিবালয়, ঢাকা।**
**(ভবন নং-৪, ৫ম তলা)**
**www.coa-revenue.gov.bd**

ভূমিসেবা ডিজিটাল বদলে যাচ্ছে দিনকাল

**বিষয় : জানুয়ারি/২০২১ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | - | জনাব মোঃ মশিউর রহমান<br>হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব)<br>ভূমি মন্ত্রণালয়। |
| তারিখ | - | ২৮/০১/২০২১খ্রিঃ। |
| সময় | - | বেলা ১০-০০ টা। |
| স্থান | - | ৭১, পুরানা পল্টন, ঢাকা। |

২। সভাপতি সকলকে স্বাগত জানিয়ে কুশল বিনিময়ের মাধ্যমে সভার কাজ শুরু করেন। অতঃপর আলোচ্যসূচি মোতাবেক সভা পরিচালনার জন্য সহকারী হিসাব নিয়ন্ত্রক (অডিট), জনাব মাহফুজা আহমেদ-কে আহবান জানান। সভাপতির অনুমতিক্রমে সহকারী হিসাব নিয়ন্ত্রক (অডিট) বিগত সভার সিদ্ধান্তসমূহ পাঠ করেন এবং কোন সংশোধীন না থাকায় দৃঢ়করণ করা হয়।

৩। সভাপতি ডিসেম্বর/২০২০ মাস পর্যন্ত অডিট আপত্তি ও নিষ্পত্তির ফলাফল সম্পর্কে জানতে চাইলে সহকারী হিসাব নিয়ন্ত্রক (অডিট) বিভাগওয়ারী নির্ধারিত ছকে উহা উপস্থাপন করেন যা নিম্নরূপ :

| নং | বিভাগের নাম | পূর্ববর্তী মাস পর্যন্ত অডিট আপত্তির সংখ্যা | বর্তমান মাসে প্রাপ্ত অডিট আপত্তির সংখ্যা | মোট অডিট আপত্তির সংখ্যা | পূর্ববর্তী মাস পর্যন্ত নিষ্পত্তির সংখ্যা (জুলাই, ২০ হতে) | বর্তমান মাসে নিষ্পত্তির সংখ্যা | বর্তমান মাস পর্যন্ত মোট নিষ্পত্তির সংখ্যা (জুলাই, ২০ হতে) | পূর্ববর্তী মাস পর্যন্ত নিষ্পত্তিকৃত অডিট আপত্তির সাথে জড়িত টাকার পরিমান | বর্তমান মাসে নিষ্পত্তিকৃত অডিট আপত্তির সাথে জড়িত টাকার পরিমান | বর্তমান মাস পর্যন্ত নিষ্পত্তিকৃত অডিট আপত্তির সাথে জড়িত মোট টাকার পরিমান | অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা | অনিষ্পত্তিকৃত অডিট আপত্তির সাথে জড়িত টাকার পরিমান (তছরুপ ও রাজস্ব ক্ষতি) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | (৩+৪) =৫ | ৬ | ৭ | (৬+৭) =৮ | ৯ | ১০ | (৯+১০) =১১ | (৫-৭) = ১২ | ১৩ |
| ১ | ঢাকা | ৪০৫ | ৭ | ৪১২ | ১২৮ | ৩২ | ১৬০ | ১৮,৩৮,৯৭৭/- | ১৬,০৮,৬৭০/- | ৩৪,৪৭,৬৪৭/- | ৩৮০ | ১,৬৪,২৭,৮২৯/- |
| ২ | ময়মনসিংহ | ১৪৩ | ৩ | ১৪৬ | ৪ | ২ | ৬ | ১১,১৭৮/- | ৩৮,৮৭৫/- | ৫০,০৫৩/- | ১৪৪ | ৭,১৭,৬২৩/- |
| ৩ | চট্টগ্রাম | ১২২ | ১৪ | ১৩৬ | ৬৯ | ১৯ | ৮৮ | ৪,০৫,৭৬৯/- | ১,০৭,৭৮৭/- | ৫,১৩,৫৫৬/- | ১১৭ | ১৪,০৯,২৬২/- |
| ৪ | সিলেট | ৪১ | ৭ | ৪৮ | ১১৭ | ১৩ | ১৩০ | ২,৯০,৬৬৫/- | ৩০,৮৭৬/- | ৩,২১,৫৪১/- | ৩৫ | ২,২১,৮২৮/- |
| ৫ | রাজশাহী | ১১১ | ১৬ | ১২৭ | ২২ | ৬ | ২৮ | ৩,০৬,৭১৩/- | ৮৬,৮৩৯/- | ৩,৯৩,৫৫২/- | ১২১ | ৬১,৩৭,৯২৪/- |
| ৬ | রংপুর | ১৫৭ | ৬ | ১৬৩ | ৫৪ | ১০ | ৬৪ | ৬,৬২,০৩৭/- | ১,৪৫,৭৮৬/- | ৮,০৭,৮২৩/- | ১৫৩ | ২৯,৭৪,৪২৭/- |
| ৭ | বরিশাল | ২৩১ | ৪ | ২৩৫ | ২৪ | ৬ | ৩০ | ২,৩৪,৭১৯/- | ৪৭,৯৬৬/- | ২,৮২,৬৮৫/- | ২২৯ | ২৬,৬১,২৮৩/- |
| ৮ | খুলনা | ১৩৯ | ৭ | ১৪৬ | ৩৩ | ৬ | ৩৯ | ৬,০৪,০৫০/- | ৭৫,৫৯৩/- | ৬,৭৯,৬৪৩/- | ১৪০ | ১৯,৩৮,০১৯/- |
| ৯ | সদর দপ্তর | ৮২৯ | ২৮ | ৮৫৭ | ২১২ | ৩৫ | ২৪৭ | ১,৪১,৯৬,৫৫২/- | ২,০০,৯৮,৪০২/- | ৩,৪২,৯৪,৯৫৪/- | ৮২২ | ১৮১,০৯,৫৬,৫৬২/- |
| | **সর্বমোট =** | **২১৭৮** | **৯২** | **২২৭০** | **৬৬৩** | **১২৯** | **৭৯২** | **১,৮৫,৫০,৬৬০/-** | **২,২২,৪০,৭৯৪/-** | **৪,০৭,৯১,৪৫৪/-** | **২১৪১** | **১৮৪,৩৪,৪৪,৭৫৭/-** |

৪। সভাপতি বলেন ময়মনসিংহ, রাজশাহী, বরিশাল ও খুলনা বিভাগীয় সহকারী হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) গণ ডিসেম্বর/২০২০ মাসে যথাক্রমে ২, ৬, ৬ ও ৬টি অডিট আপত্তি নিষ্পত্তি করেছেন। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী নিষ্পত্তির লক্ষ্যমাত্রা ৩৫% নির্ধারিত আছে। তাই উক্ত লক্ষ্যমাত্রা অর্জনে নিষ্পত্তির কার্যক্রম উত্তোরোত্তর বৃদ্ধি করা প্রয়োজন।

৫। ডিসেম্বর/২০২০ মাস পর্যন্ত বিভাগওয়ারী নিরীক্ষণযোগ্য অফিস, নিরীক্ষিত অফিস, দাখিলযোগ্য নিরীক্ষা প্রতিবেদন ও দাখিলকৃত নিরীক্ষা প্রতিবেদনের বিষয়ে সহকারী হিসাব নিয়ন্ত্রক (অডিট) নিম্নরূপ তথ্যাদি উপস্থাপন করেন।

| নং | বিভাগের নাম | নিরীক্ষিত সন | নিরীক্ষনযোগ্য অফিস | ডিসেম্বর/২০২০ মাস পর্যন্ত নিরীক্ষিত অফিস | দাখিলযোগ্য প্রতিবেদনের সংখ্যা | দাখিলকৃত প্রতিবেদনের সংখ্যা |
|---|---|---|---|---|---|---|
| ১ | ঢাকা বিভাগ | ২০১৯-২০২০ খ্রিঃ | ১০৪৮ | ৫৪২ | ১০২ | ৪৭ |
| ২ | ময়মনসিংহ বিভাগ | ২০১৯-২০২০ খ্রিঃ | ৪৪৪ | ২৫০ | ৩৮ | ২৫ |
| ৩ | চট্টগ্রাম বিভাগ | ২০১৯-২০২০ খ্রিঃ | ৮৭২ | ৫১৬ | ১০৮ | ১০৮ |
| ৪ | সিলেট বিভাগ | ২০১৯-২০২০ খ্রিঃ | ২৬৯ | ১৩২ | ৪৬ | ৪৬ |
| ৫ | রাজশাহী বিভাগ | ২০১৯-২০২০ খ্রিঃ | ৬৭৯ | ৩৪৬ | ৭৪ | ৭৪ |
| ৬ | রংপুর বিভাগ | ২০১৯-২০২০ খ্রিঃ | ৭৮৫ | ৩৯১ | ৬৬ | ৪৪ |
| ৭ | বরিশাল বিভাগ | ২০১৯-২০২০ খ্রিঃ | ৪১৬ | ২৪২ | ৪৯ | ৩৪ |
| ৮ | খুলনা বিভাগ | ২০১৯-২০২০ খ্রিঃ | ৬৫৭ | ৩৪৯ | ৬৯ | ৬৬ |
| | | **সর্বমোট =** | **৫১৭০** | **২৭৬০** | **৫৫৩** | **৪৪৫** |

(চলমান পাতা- ০২)

৬। সভাপতি বলেন বিভাগওয়ারী দাখিলকৃত নিরীক্ষা প্রতিবেদনের বিবরণী মর্মে দেখা যায়, ঢাকা বিভাগের হিসাব তত্ত্বাবধায়ক (রাজস্ব)গণ ১০২টি অডিট রির্পোটের মধ্যে ডিসেম্বর/২০২০ পর্যন্ত মাত্র ৪৭টি রির্পোট দাখিল করেছেন। এ বিষয়ে সহকার হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব), ঢাকা বিভাগ, ঢাকার বক্তব্য আহবান করলে তিনি বলেন, ঢাকা-২, ঢাকা-৩, ঢাকা-৬, গাজীপুর-১, গাজীপুর-২ অডিট পার্টি থেকে অডিট রির্পোট দাখিল করা হয়নি। এছাড়া ডিসেম্বর/২০২০ মাস পর্যন্ত মানিকগঞ্জ ০৬টি, কিশোরগঞ্জ ০৬টি, টাঙ্গাইল ০৫টি, ফরিদপুর ০৭টি এবং নারায়নগঞ্জ এর নিকট ০৪টি রির্পোট পাওনা রয়েছে। এ পর্যায়ে সভাপতি বলেন, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী অর্ধবার্ষিক প্রতিবেদনে (জুলাই/২০২০ হতে ডিসেম্বর/২০২০) প্রমানক হিসেবে রিপোর্ট দাখিল করতে হয় বিধায় কোন অবস্থাতেই অডিট পরবর্তী যথাসময়ে রির্পোট দাখিল না করার প্রবনতা গ্রহণযোগ্য নয়। তিনি সহকারী হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব), ঢাকা বিভাগ, ঢাকাকে ডিসেম্বর/২০২০ মাস পর্যন্ত দাখিলযোগ্য সমূদয় অডিট রির্পোট সংশ্লিষ্ট হিসাব তত্ত্বাবধায়ক (রাজস্ব) গণের নিকট হতে আদায় করে এপিএ'র প্রমানক হিসেবে ০৫ ফেব্রুয়ারি, ২০২১ তারিখের মধ্যে সদর দপ্তরে প্রেরণ করবেন। সভাপতি চট্টগ্রাম, সিলেট, রাজশাহী বিভাগের সহকারী হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) গণকে দাখিলযোগ্য সমূদয় রির্পোট দাখিল করায় তাদেরকে ধন্যবাদ জ্ঞাপন করেন। অন্যদিকে ময়মনসিংহ, বরিশাল, খুলনা, রংপুর বিভাগের সহকারী হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব)গণকে তাঁর আওতাধীন জেলাসমূহের হিসাব তত্ত্বাবধায়ক (রাজস্ব) গণের নিকট হতে ডিসেম্বর/২০২০ মাস পর্যন্ত দাখিলযোগ্য সকল রির্পোট আদায় করে ০৫ ফেব্রুয়ারি, ২০২১ তারিখের মধ্যে সদর দপ্তরে প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করেন।

৭। সভাপতি বলেন বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সেকশন-৩ কৌশলগত উদ্দেশ্য ও আবশ্যিক কৌশলগত উদ্দ্যেশসমূহের কর্মসম্পাদন সূচক অনুযায়ী নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের উপর জুলাই/২০২০ হতে ডিসেম্বর/২০২০ মাস পর্যন্ত অর্ধবার্ষিক প্রতিবেদন প্রমানকসহ দাখিল করতে হবে। কিন্তু দেখা যাচ্ছে, সংশ্লিষ্ট সহকারী হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব)গণ কর্মসম্পাদন সূচক অনুযায়ী অর্ধবাষিক প্রতিবেদনের সাথে প্রমানাদি দাখিল করেননি। ফলে অসম্পূন অর্ধবার্ষিক প্রতিবেদনের ভিত্তিতে মূল্যায়ন করা সম্ভব হচ্ছে না। তিনি বলেন বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন ১৪ ফেব্রুয়ারি ২০২১ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে বিধায় জরুরি ভিত্তিতে অর্ধবার্ষিক অগ্রগতি প্রতিবেদন প্রমানকসহ ০৫ ফেব্রুয়ারি, ২০২১ মধ্যে সদর দপ্তরে প্রেরণ করতে হবে।

৮। সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

(১) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী নিষ্পত্তির লক্ষ্যমাত্রা ৩৫% অর্জনের লক্ষ্যে সকল সহকারী হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) গণ অডিট আপত্তি নিষ্পত্তির কার্যক্রম তরান্বিতকরণ ;

(২) ঢাকা, ময়মনসিংহ, বরিশাল, খুলনা ও রংপুর বিভাগের সহকারী হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব)গণকে তাঁর আওতাধীন জেলাসমূহের হিসাব তত্ত্বাবধায়ক (রাজস্ব) গণের নিকট হতে ডিসেম্বর/২০২০ মাস পর্যন্ত দাখিলযোগ্য সকল অডিট রির্পোট আদায় করে ০৫ ফেব্রুয়ারি, ২০২১ তারিখের মধ্যে সদর দপ্তরে প্রেরণ ;

(৩) বিভাগীয় সহকারী হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব)গণ ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সেকশন-৩ কৌশলগত উদ্দেশ্য ও আবশ্যিক কৌশলগত উদ্দ্যেশসমূহের কর্মসম্পাদন সূচক অনুযায়ী নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের উপর জুলাই/২০২০ হতে ডিসেম্বর/২০২০ মাস পর্যন্ত অর্ধবার্ষিক প্রতিবেদন প্রমানকসহ ০৫ ফেব্রুয়ারি, ২০২১ মধ্যে সদর দপ্তরে প্রেরণ।

৯। অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

02/02/2021

**(মোঃ মশিউর রহমান)**
হিসাব নিয়ন্ত্রক) রাজস্ব)(চঃদঃ)
E-mail : coa_revenue@yhoo.com
ফোন # ৯৫৪০১১৯।

স্মারক নং -৩১.০৫.০০০০.৭৯২.০৬.০৬৮.১২.১৬/১(৮৭)

তারিখঃ ০২/০২/২০২১খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রযোজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রেরিত হলোঃ

১। সচিব, ভূমি মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ১৪১-১৪৩ মতিঝিল বা/এ, ঢাকা।
৩। চেয়ারম্যান, ভূমি আপীল বোর্ড, সেগুন বাগিচা, ঢাকা।
৪। মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
৫। পরিচালক, ভূমি প্রশাসন ও প্রশিক্ষন কেন্দ্র, ৩/এ, নীলক্ষেত, কাটাবন ঢাল, ঢাকা।
৬। সহকারী হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) (সকল) ....................................।
৭। হিসাব তত্ত্বাবধায়ক (রাজস্ব) (সকল) ............................................।
৮। অফিস কপি।

2/2/21

**(মোহফুজা আহমেদ)**
সহকারী হিসাব নিয়ন্ত্রক (অডিট)
E-mail: acaudit65@gmail.com
ফোন # ৪৭১১৭৬৭৭।